

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৩.১৯-১৩৮

তারিখঃ ০৪/০২/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত ক্রিনার জনাব মোঃ মনির হোসেন এর বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮” এর আওতায় বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ মনির হোসেন, ক্রিনার, মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ প্রতিষ্ঠানের জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক) সমাজবিজ্ঞান ও ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান মেকানিক্যাল টেকনোলজি, জনাব মুহাম্মদ জহিরুল আলম এর কক্ষ থেকে ২৯,৪০০/- (উনত্রিশ হাজার চারশত) টাকা ও কিছু প্রয়োজনীয় কাগজপত্র সহ একটি খাম চুরি করেন; এবং

যেহেতু, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ০৬/০১/২০১৯ খ্রিঃ তারিখে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয় ও দাখিলকৃত তদন্ত রিপোর্টে চুরির সাথে আপনার সংশ্লিষ্টতার বিষয়টি প্রমাণিত হয়; এবং

যেহেতু, আপনার এ ধরনের কার্যকলাপ অসদাচরণ এবং দুর্নীতি এর সামিল; এবং

যেহেতু, সরকারী কর্মচারী হিসাবে আপনার এহেন কার্যকলাপ “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮” এর ধারা ৩। (খ) ও ৩। (ঘ) বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর ধারা ৩। (খ) মোতাবেক “অসদাচরণ” এবং ৩। (ঘ) মোতাবেক “দুর্নীতি” এর দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগ সমূহের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন বর্ণিত বিধিমালার আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো। এতদসঙ্গে একপ্রস্থ অভিযোগ বিবরণী আপনার জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-
(রওনক মাহমুদ)
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ মনির হোসেন
ক্রিনার
মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ।

স্থায়ী ঠিকানাঃ


পিতাঃ মোঃ সেলিম,
জাতীয় তিন নেতার মাজার সংলগ্ন ষ্টাফ কোয়ার্টার,
ময়মনসিংহ রোড, ওয়ার্ড নং-৫৬, থানা- রমনা, জেলা- ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৩.১৯-১৩৮(৩)

তারিখঃ ০৪/০২/২০১৯ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। অধ্যক্ষ, মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।)
- ৩। সংরক্ষণ নথি।


(নাজমুন নাহার)
সহকারী পরিচালক-৩
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ফোনঃ ০২-৮১৮১২২৫